**একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত সার্কুলার**

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

www.supremecourt.gov.bd

সার্কুলার নং- ১৩/২০১৭ এ, তারিখঃ ০১ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
১৫ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বিচার বিভাগীয় কর্মকর্তার বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ, দুর্নীতি বা অন্য কোনো অভিযোগ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে পরামর্শ ব্যতিরেকে প্রাথমিক তদন্ত/অনুসন্ধান বা যেকোনো কার্যক্রম পরিচালনা না করা সংক্রান্ত।**

অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, কোনো কোনো বিচার বিভাগীয় কর্মকর্তার বিরুদ্ধে অসদাচরণ, দুর্নীতি বা অন্য কোনো অভিযোগ বিষয়ে সুপ্রীম কোর্টের সাথে পরামর্শ ব্যতিরেকে আইন ও বিচার বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে প্রাথমিক তদন্ত বা অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১১৬ অনুচ্ছেদ অনুযায়ী বিচার-কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিদের এবং বিচার বিভাগীয় দায়িত্ব পালনরত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ, পদোন্নতিদান ও ছুটি মঞ্জুরীসহ) ও শৃঙ্খলা বিধান মহামান্য রাষ্ট্রপতির উপর ন্যস্ত এবং সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তা প্রযুক্ত হয়। ফলে, কোনো বিচার বিভাগীয় কর্মকর্তার কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান, বিদেশ গমন ও চাকরির অন্যান্য শর্তাবলী ইত্যাদি সকল বিষয় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নির্ধারণ করা বাধ্যকর।

০৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১০৯ অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের উপর ন্যস্ত আছে। এছাড়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১০৯, ১১৬ ও ১১৬ক অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস ও এই সার্ভিসের সদস্যগণকে অন্য সকল সার্ভিস থেকে পৃথক এবং স্বাতন্ত্র্য করা হয়েছে।

০৪। অধিকন্তু, সচিব, অর্থ মন্ত্রণালয় বনাম মোঃ মাজদার হোসেন ও অন্যান্য মামলায় মাননীয় আপীল বিভাগ কর্তৃক বিচার কর্মবিভাগে কর্মরত বিচারকগণের অন্যান্য সকল বিষয়ের পাশাপাশি শৃঙ্খলা সংক্রান্ত বিষয়েও সুপ্রীম কোর্টের পরামর্শের প্রাধান্য নিশ্চিত করা হয়েছে। একইভাবে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, শৃঙ্খলা বিধান এবং চাকুরির অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ অনুযায়ী এ বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের পরামর্শ মতে কার্যক্রম গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

০৫। সেকারণে কোনো বিচার বিভাগীয় কর্মকর্তার বিরুদ্ধে অসদাচরণ, দুর্নীতি বা অন্য কোনো অভিযোগ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে পরামর্শ ব্যতিরেকে প্রাথমিক তদন্ত/অনুসন্ধান বা যেকোনো কার্যক্রম গ্রহণ করা অনভিপ্রেত, অনাকাঙ্খিত, অগ্রহণযোগ্য এবং তা কোনো ভাবেই কাম্য নয়। পক্ষান্তরে তা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১০৯, ১১৬ ও ১১৬ক অনুচ্ছেদের সুস্পষ্ঠ লঙ্ঘন এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সিভিল আপীল নম্বর-৭৯/১৯৯৯ মামলায় প্রদত্ত নির্দেশনার পরিপন্থি। সর্বোপরি বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিগত ১৮/১২/২০১৩ খ্রি. তারিখের ১জে/৩ কল-১৬/২০১৩-২৪০৭২ এ, নং স্মারক পত্রমূলে কোনো বিচার বিভাগীয় কর্মকর্তার বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির কোনো অভিযোগ উত্থাপিত হলে অত্র কোর্টের সাথে পরামর্শ ব্যতিরেকে কোনো তদন্ত কার্যক্রম শুরু করা বাঞ্চনীয় নয় মর্মে আইন ও বিচার বিভাগকে পরামর্শ প্রদান করা হয়।

০৬। এমতাবস্থায়, কোনো বিচার বিভাগীয় কর্মকর্তার বিরুদ্ধে ভবিষ্যতে অসদাচরণ, দুর্নীতি বা অন্য কোনো অভিযোগ উত্থাপিত হলে সুপ্রীম কোর্টের সাথে পরামর্শ ব্যতিরেকে উক্ত অভিযোগের বিষয়ে প্রাথমিক তদন্ত/অনুসন্ধান বা যেকোনো কার্যক্রম পরিচালনা না করার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগকে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে এই নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোনো বিচার বিভাগীয় কর্মকর্তার বিরুদ্ধে আনীত যে কোনো অভিযোগ বিষয়ে সুপ্রীম কোর্টের সাথে পরামর্শ ব্যতিরেকে আইন ও বিচার বিভাগ কর্তৃক কোনো প্রাথমিক তদন্ত/অনুসন্ধান বা যেকোনো কার্যক্রম পরিচালিত হলে তাৎক্ষণিকভাবে তা' অত্র কোর্টকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

**স্বাঃ/-**

**(আবু সৈয়দ দিলজার হোসেন)**

রেজিস্ট্রার

ফোনঃ ৯৫১৪৬৪৬

ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

System Analyst

**কার্যার্থে ঃ**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৬। জেলা ও দায়রা জজ,--------------------------------------------------- ------------ (সকল)।
৭। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------------ (সকল)।
৮। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -----------------------------------------(সকল)।
৯। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, ------------------------------ (সকল)।
১০। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,------- ------------- (সকল)।
১১। বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,--------- --------------------- --------- (সকল)।
১২। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল,----- -------------------------------------------- (সকল)।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------------ (সকল)।
১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ---------------------------------------------(সকল)।
১৭। বিচারক( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৮। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,----------------- (সকল)।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২১। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২২। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৩। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৪। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৫। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৬। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
২৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------------(সকল)।
৩১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------------(সকল)।

(১–৩১: প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৩২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩৩। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষণের জন্য]
৩৪। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৫। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩৭। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৩৮। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩৯। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

18.06.17
(মোঃ তাছিম বিল্যাহ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২।